



দুর্নীতি দমন কমিশন
প্রধান কার্যালয়
১ সেগুনবাগিচা, ঢাকা।
www.acc.org.bd



নম্বর ০০.০১.০০০০.১৭৬.৩৫.০০১.২০.২

তারিখ: ১ বৈশাখ ১৪২৭

১৪ এপ্রিল ২০২০

ডিজিটাল ফরেনসিক ল্যাব স্থাপনসহ হার্ডওয়্যার, সফটওয়্যার ও আনুষঙ্গিক সেবা ক্রয়ের সংশোধিত দরপত্র বিজ্ঞপ্তি

অত্র কমিশন কর্তৃক বাস্তবায়নাধীন “দুর্নীতি দমন কমিশন শক্তিশালীকরণ” প্রকল্পের আওতায় ডিজিটাল ফরেনসিক ল্যাব স্থাপনসহ হার্ডওয়্যার, সফটওয়্যার ও আনুষঙ্গিক সেবা ক্রয় সংক্রান্ত সংশোধিত বিজ্ঞপ্তি গত ২৯/০৩/২০২০ তারিখ ‘ডেইলি নিউ এজ’ এবং ‘দৈনিক বাংলাদেশ প্রতিদিন’ পত্রিকায় প্রকাশিত হয়েছে। উক্ত সংশোধিত বিজ্ঞপ্তিতে দরপত্র তফসিল বিক্রয়ের শেষ তারিখ ১৫/০৪/২০২০ (অফিস চলাকালীন সময়), দরপত্র দাখিলের তারিখ ১৬/০৪/২০২০ সময় ১১.০০ ঘটিকায় এবং দরপত্র খোলার তারিখ ১৬/০৪/২০২০ সময় সকাল ১১.৩০ ঘটিকা পর্যন্ত বৃদ্ধি করা হয়। কিন্তু মহামারি আকারে সারা বিশ্বে ছড়িয়ে পড়া করোনা ভাইরাস জনিত রোগ ‘COVID-19’ বাংলাদেশেও ছড়িয়ে পড়েছে। উক্ত মহামারি প্রতিরোধকল্পে হোম কোয়ারাইন্টেন-এর জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক ঘোষিত সাধারণ ছুটি শেষ হওয়া পরবর্তী অফিস খোলার পর তৃতীয় কার্যদিবস পর্যন্ত (অফিস চলাকালীন সময়) দরপত্র তফসিল বিক্রয়ের শেষ তারিখ ধার্য, চতুর্থ কার্যদিবসে সকাল ১১.০০ ঘটিকায় দরপত্র দাখিল এবং একই দিনে সকাল ১১.৩০ ঘটিকা পর্যন্ত দরপত্র খোলার সময় বৃদ্ধি করা হলো। অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

১৪-৪-২০২০

ড. এম এম মাজেদুল ইসলাম

উপ-প্রকল্প পরিচালক

ফোন: ০২-৯৩৫২১১৫

ইমেইল:

dpd.strengthening@acc.org.bd

প্রাপক:

১) সম্পাদক, ডেইলি নিউজ এজ, হামিদ প্লাজা (৫ম তলা), ৩০০/৫/এ/১, বীর উত্তম সিআর দত্ত রোড, হাতিরপুল, ঢাকা-১২০৫। (বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধসহ)

২) সম্পাদক, দৈনিক বাংলাদেশ প্রতিদিন, প্লট নং - ৩৭১/এ, ব্লক - ডি, বসুন্ধরা আবাসিক এলাকা, বারিধারা, ঢাকা। (বিজ্ঞপ্তিটি প্রকাশের অনুরোধসহ)